গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর
nawabganj.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৩-৩২৮(১৪) তারিখঃ ১২ এপ্রিল ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, পরিকল্পনা-২ শাখার ০২ এপ্রিল ২০২৩ তারিখের (১৯ চৈত্র ১৪২৯ বাংলা) ১৬.০০.০০০০.০০৮ .০২.০০১.১৭ ((অংশ).২০৫ নম্বর স্মারক, জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কর্যালয়ের ০৫ এপ্রিল ২০২৩ তারিখের (২২ চৈত্র ১৪২৯) ০৫.৫৫.২৭০০.০০৬ .১২.০০৯.২২-২৮৯ (৪) নম্বর স্মারক ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, পরিকল্পনা-১ শাখার ১৬ মার্চ ২০২১ তারিখের ১৬.০০.০০০০.০০৮ .০২.১১৫.১৭ (অংশ).৭১ নম্বর স্মারকপত্র মোতাবেক ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন "প্রতিটি জেলা ও উপজেলায় নির্মাণাধীন ০১ (এক) টি করে ৫৬০ টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধীত) শীর্ষক প্রকল্পের" আওতায় নির্মিত সমাপ্ত ৫০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের প্রতিটিতে ০১ (এক) জন পেশ ইমাম, ০১ (এক) জন মুয়াজ্জিন ও ০২ (দুই)জন খাদেম অস্থায়ী ও সম্মানীভিত্তিতে নিয়োগের নিমিত্ত মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনার জন্য ০১ (এক) জন পেশ ইমাম, ০১ (এক) জন মুয়াজ্জিন ও ০২ (দুই)জন খাদেম অস্থায়ী ও সম্মানীভিত্তিতে নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদবী | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | প্রার্থীর যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ (এক) জন | =১৫,০০০/- (পনের হাজার) টাকা | (ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সদনপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | |
| ০২ | মুয়াজ্জিন | ০১ (এক) জন | =১০,০০০/- (দশ হাজার) টাকা | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সদনপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ০৩ | খাদেম | ০২ (দুই) জন | =৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>(খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |

**শর্তাবলী নিম্নরূপ:**

০১। প্রার্থীকে অবশই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জাতিয়তা, (ছ) ধর্ম, (জ) জন্ম তারিখ, (ঝ) ১২/০৪/২০২৩ তারিখে বয়স, (ঞ) মোবাইল নম্বর (ট) ভোটার আইডি নম্বর, (ঠ)শিক্ষাগত যোগ্যতা, (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক তারিখ ও স্বাক্ষরসহ প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে; (ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (খ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম সনদের সত্যায়িত অনুলিপি; (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৪ (চার) কপি সত্যায়িত; (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি; (চ) উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর বরাবর উক্ত পদসমূহের জন্য পেশ ইমাম =১২০০/- (এক হাজার দুইশত) টাকা, মুয়াজ্জিন=১০০০/- (এক হাজার) টাকা ও খাদেম= ৮০০/- (আটশত) টাকা হারে অফেরতযোগ্য ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

০৪। প্রার্থীর সনদপত্রাদি ও ছবি সত্যায়নের ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা নামযুক্ত সীল ব্যবহার করতে হবে;

০৫। ০৭/০৫/২০২৩ তারিখে প্রার্থীর বয়সসীমা পেশ ইমামের ক্ষেত্রে ৩০-৪৫ বছর, মুয়াজ্জিন ও খাদেমের ক্ষেত্রে ২৫-৪০ বছর হতে হবে। বয়স প্রামাণের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য হবে না। যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য;

০৬। আবেদনপত্র আগামী ০৭/০৫/২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অফিস চলাকালীন কেবলমাত্র ডাকযোগে/কুরিয়া সার্ভিসের পৌছ্যতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র দাখিল করা যাবে না;

০৭। খামের উপর পদের নাম মোটা ও স্পস্ট অক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

০৮। লিখিত/মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, জন্ম সনদ ও প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে;

০৯। প্রার্থীকে নির্বাচনি (লিখিত/মৌখিক/ব্যবহারিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;

১০। চূড়ান্ত নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক এ মানসিকভাবে উপযুক্ত বিবেচিত হতে হবে এবং সংশ্লিষ্ট থানা বা যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তার পূর্ব কার্যকলাপ নিয়োগ লাভের জন্য 'অনুপযুক্ত নয় মর্মে প্রতিপাদিত হতে হবে;

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২। যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে;

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন এবং নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। প্রার্থীর নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২/৪/২৩

এম এম আশিক রেজা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
নবাবগঞ্জ, দিনাজপুর
ফোনঃ-০৫৩৩৩-৫৬০০১
unonawabganjdinajpur@mopa.gov.bd

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১। মহা পরিচালক, (অতিরিক্ত সচিব), ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, 'প্রতিটি জেলা ও উপজেলা একটি করে ৫৬০ টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৩। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর বিভাগ, রংপুর।
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জেলা প্রশাসক, দিনাজপুর।
৯। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর।
১০। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, নবাবগঞ্জ, দিনাজপুর।
১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নবাবগঞ্জ, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বলা হলো।
১২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) (তার ইউনিয়নে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)
১৩। উপজেলা প্রেস ক্লাব/নবাবগঞ্জ প্রেস ক্লাব, নবাবগঞ্জ, দিনাজপুর।
১৪। অফিস কপি।